সমাপনী পরীক্ষার পূর্ব প্রস্তুতি

বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **পূর্ণমান : ১০০**

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: **১ × ৫০ = ৫০**

১। তুমি আল্লাহর অসংখ্য নিয়ামত গ্রহণ কর এ নিয়ামত গ্রহণ করে তোমার কী করা উচিত?
ক) অকৃতজ্ঞ হওয়া খ) অস্বীকার করা গ) শুকরিয়া আদায় করা ঘ) কুফরী করা

২। আল্লাহ তোমাকে সৃষ্টি করেছেন কেন?
ক) তাছবিহ পড়ার জন্য খ) ইবাদতের জন্য গ) জিকির করার জন্য ঘ) দাওয়াত দেওয়ার জন্য

৩। মহানবি (স) মদিনায় হিজরত করলেন, মুসলমানগণ সর্বপ্রথম কোথায় হিজরত করলেন?
ক) তায়েফে খ) আবিসিনিয়ায় গ) তাবুকে ঘ) উহুদে

৪। তুমি কীভাবে কুরআন তিলাওয়াত করবে?
ক) দ্রুত খ) ধীরে ধীরে গ) অর্থ বুঝে ঘ) থেমে থেমে

৫। হযরত দাউদ (আ) - এর বিচার ব্যবস্থা কেমন ছিল?
ক) জটিল খ) নিরপেক্ষ গ) সাধারণ ঘ) পক্ষপাতিত্ব

৬। কবরের আজাব হতে নিজেকে রক্ষা করতে তুমি কোনটি নিয়মিত করবে?
ক) দান খ) সেবা গ) ক্ষমা ঘ) সালাত

৭। প্রাকৃতিক দুর্যোগে কেন দুর্গতদের সাহায্য করবো?
ক) নৈতিকতার কারণে খ) অর্থ আয়ের আশায় গ) প্রতিদান পাওয়ার কারণে ঘ) প্রশংসা পাওয়ার আশায়

৮। কখন শ্রমিকদের পারশ্রমিক দিবে?
ক) দুই দিন পর খ) ঘাম শুকানোর পূর্বে গ) কাজ ভাল হলে ঘ) কাজ শেষে যাচাই করে

৯। সালামের মাধ্যমে কোন ইবাদত শেষ করবে?
ক) হজ্ব খ) যাকাত গ) সালাত ঘ) সাওম

১০। বিদ্যালয় পরিষ্কার – পরিচ্ছন্নতার কাজটি তুমি কীভাবে করবে?
ক) বড়দের নিয়ে খ) সকলে মিলে গ) ছোটদের দিয়ে ঘ) শ্রেণি নেতা দিয়ে

১১। তোমার বৃদ্ধ দাদা – দাদির জন্য যা কর –
ক) সালাম দাও খ) সেবা – যত্ন করা গ) আগোচরে কথা বল ঘ) বৃদ্ধ আশ্রমের ব্যবস্থা কর

১২। মানুষের অধিকারকে কী বলা হয়?
ক) মানবতা খ) মানবাধিকার গ) মানব ধর্ম ঘ) মানব জাতি

১৩। নূহ নবি (স) এর সময়কার বন্যা সম্বন্ধীয় গল্প থেকে আমরা যে শিক্ষা পাই-
ক) নতুন কিছু শুরু করা খ) একটি নৌকা তৈরি করা
গ) পাপ করলে আল্লাহ শাস্তি দেন ঘ) মরার পরও বেঁচে থাকার নিশ্চিতকরণ

১৪। মহানবি (স) কেন তায়েফ গমন করেছিলেন?
ক) ইসলাম প্রচার করতে খ) তায়েফবাসীদের সাহায্য করতে
গ) তায়েফবাসীর সাথে যুদ্ধ করতে ঘ) তায়েফবাসীর সাথে বাণিজ্য করতে

১৫। নবি – রাসুলগণের মূল শিক্ষা অনুযায়ী তুমি নিচের কোনটি কর?

ক) পড়ালেখা　　খ) বাগান পরিচর্যা　　গ) ভাল ব্যবহার　　ঘ) কথা কম বলা

১৬। মসজিদে কোন ধরনের শিক্ষা পরিচালনা করা যাবে?

ক) ধর্মীয়　　খ) আর্থিক　　গ) সামাজিক　　ঘ) সাংস্কৃতিক

১৭। তোমার সকল বন্ধুর চরিত্রে কার ভয় থাকবে?

ক) শিক্ষকের　　খ) আব্বা – আম্মা　　গ) ফেরেশতার　　ঘ) আল্লাহর

১৮। জাকিয়া সুন্দর স্বাস্থ্যের অধিকারী, এ দেহ কার দেওয়া আমানত?

ক) মার দেওয়া　　খ) বাবার দেওয়া　　গ) মাটির দেওয়া　　ঘ) আল্লাহর দেওয়া

১৯। হযরত মূসা (আ) আল্লাহর বাণী ইসরাইলদের নিকট পৌঁছায়ে দিয়েছিলেন। এজন্য তাকে কী বলা হয়?

ক) ফেরেশতা　　খ) নবি – রাসুল　　গ) সাধারণ মানুষ　　ঘ) ডাক দিলেন

২০। তোমার বন্ধু জসিমের কোন জ্ঞান অর্জন করা ফরজ?

ক) হাদিসের　　খ) ফিকহের　　গ) আরবির　　ঘ) আল্লাহর আইন ও বিধি বিধানের

২১। আফ্রিকা মহাদেশকে কে লালন – পালন করেন?

ক) দেবদেবী　　খ) ফেরেস্তাগণ　　গ) আল্লাহ　　ঘ) দুর্গা

২২। সানজিদ চুরি করে, অপর অধিকার নষ্ট করে, চুরির অভ্যাস পরিত্যাগের জন্য কি করা উচিত?

ক) অন্যের সহযোগিতা নেওয়া　　খ) বন্ধুর সহযোগিতা নেওয়া

গ) আইন আশ্রয় নেওয়া　　ঘ) মিথ্যা পরিত্যাগ করা

২৩। শোভন শ্রমিকের ন্যায্য পাওনা দেয় না, টাকা চাইলেই নির্যাতন করে তার এ আচরণ কিসের সামিল?

ক) প্রতিকারের　　খ) জুলুমের　　গ) প্রতিশোধের　　ঘ) প্রতিরোধের

২৪। রাজু ময়লা আবর্জনা যেখানে সেখানে ফেলে এ কাজটি না করে মিলন কি করবে?

ক) খালে ময়লা ফেলবে　　খ) দূরে রাস্তায় পার্শ্বে ফেলবে

গ) ডাস্টাবিন ব্যবহার করবে　　ঘ) বাড়ির অদূরে ডোবায় ফেলবে

২৫। সাদ্দামের চরিত্রে মন্দ দিক কোনটি?

ক) শিক্ষককে সম্মান করা　　খ) রোগীর সেবা করা　　গ) সত্য কথা বলা　　ঘ) মিথ্যা কথা বলা

২৬। তোমার বন্ধু পিপাসার্ত বিড়ালটিকে পানি পান করায় আল্লাহ তাকে কী করলেন?

ক) শাস্তি দিবেন　　খ) আজাব দিবেন　　গ) পুরস্কৃত করবেন　　ঘ) গুনাহ দিবেন

২৭। প্রদীপ স্যার ছাত্রদেরকে বলল, “তোমরা বৃক্ষ রোপন কর পরিবেশ বাঁচাও” এটি সর্বপ্রথম কে নির্দেশ দিয়েছিলেন?

ক) অর্থমন্ত্রী　　খ) পরিবেশ মন্ত্রী　　গ) হযরত আবু বকর (রা)　　ঘ) হযরত মুহাম্মদ (স)

২৮। পাকিস্তানের মুসলমানদের ধর্ম গ্রন্থের নাম কী?

ক) তাওরাত　　খ) যাবূর　　গ) ইনজিল　　ঘ) কুরাআন

২৯। তোমার খালা প্রতিদিন কুরআন তিলাওয়াতের মাধ্যমে কয়টি উদ্দেশ্য হাসিল করেন?

ক) ৩টি　　খ) ৪টি　　গ) ৫টি　　ঘ) ৬টি

৩০। নেপালের মুসলমানদের সফলতা কীসের মধ্যে নিহিত?

ক) কুরআনে　　খ) হাদিসে　　গ) ইজমায়　　ঘ) কিয়াসে

৩১। তোমার বোন তানিয়া সঠিকভাবে হরফ উচ্চারণ করতে কিসের জ্ঞান অর্জন করতে হবে?

ক) ইজহার খ) কলব গ) মাখরাজ ঘ) ইখফাহ

৩২। মিঠুন করিমকে বলল, তুমি একদিন আমাদের দেব দেবীর পূজা কর আর আমি একদিন আমি আল্লাহর ইবাদত করব। এটি কোন সূরার শানে নুযুল?

ক) সূরায়ে তাকাছুর খ) সূরায়ে কাউসার গ) সূরায়ে মাউন ঘ) সূরায়ে কাফেরুন

৩৩। মিরাজ সালাত আদায়ে উদাসীন তার জন্য পরকালে কী রয়েছে?

ক) দুর্ভোগ খ) শাস্তি গ) পুরস্কার ঘ) তিরস্কার

৩৪। তোমার বন্ধুর বাবা -মা মৃত্যুর পর কত সময় পরকালে থাকবে?

ক) অনন্তকাল খ) ১০০০ বছর গ) ৫০০ বছর ঘ) ৩০০ বছর

৩৫। তুমি ইউটিউবে যে বায়তুল মোকাদ্দাস মসজিদ দেখ, তার নির্মাতা কে?

ক) সরকার খ) ফেরেশতা গ) হযরত ঈসা (আ) ঘ) হযরত সুলায়মান (আ)

৩৬। সর্বশেষ নবি ইংরেজি বর্ষপঞ্জী অনুসারে কোন মাসে জন্মগ্রহণ করেন?

ক) এপ্রিল খ) রবিউল আউয়াল গ) রমযান ঘ) শাওয়াল

৩৭। ইসলামের ইতিহাসে সর্বপ্রথম কোথায় আদর্শ সমাজ ও রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়?

ক) ইরাকে খ) রিয়াদে গ) মিশরে ঘ) মদিনায়

৩৮। আজ জিলহজ মাসের ১০ তারিখ। আজকের পর কতদিন পর্যন্ত কুরবানি করা যাবে?

ক) এক খ) দুই গ) তিন ঘ) চার

৩৯। সকল ধর্মের বন্ধুর সাথে সুসম্পর্ক গড়ে তুলতে তুমি কর –

ক) কৌতুক খ) লেখাপড়া গ) সহযোগিতা ঘ) চুপচাপ

৪০। মহানবি (স) কেন তায়েফ গমন করেছিলেন?

ক) ইসলাম প্রচার করতে খ) তায়েফবাসীদের সাহায্য করতে

গ) তায়েফবাসীদের সাথে বন্ধু করতে ঘ) তায়েফবাসীদের সাথে বাণিজ্য করতে

৪১। মসজিদে আকসা কোথায়?

ক) জেরুজালেমে খ) মককায় গ) মদিনায় ঘ) সিরিয়ায়

৪২। সাহু অর্থ কী?

ক) সত্য খ) মিথ্যা গ) ভুল ঘ) সঠিক

৪৩। দেশপ্রেম ইমানের অঙ্গ – এটি কার উক্তি?

ক) আল্লাহর খ) মহানবি (স) –এর গ) জ্ঞানী ব্যক্তিদের ঘ) বায়েজিদ বুস্তামীর

৪৪। দুটি প্রাকৃতিক দুর্যোগের ফলে সুন্দরবনের কত অংশ বন নষ্ট হয়েছে?

ক) এক তৃতীয়াংশ খ) চার ভাগের এক অংশ গ) অর্ধাংশ ঘ) এক পঞ্চমাংশ

৪৫। রাস্তার উপর কে ঠকঠক করে কাঁপছিল?

ক) একটি মানুষ খ) একটি কুকুর গ) একটি বালক ঘ) একটি শিশু

৪৬। মাখরাজ শব্দের অর্থ কী?

ক) বের হওয়ার খ) সুন্দরভাবে উচ্চারণ গ) কণ্ঠনালি ঘ) কোনটাই নয়

৪৭। কুরআন মজিদ প্রথম একত্রে কোথায় নাজিল হয়?

ক) লাওহে মাহফুজে খ) বায়তুল ইযযাহ গ) বায়তুল্লায় ঘ) পাহাড়ে

৪৮। তাজবিদের পরিভাষায় দুই নিঃশ্বাসের মধ্যবর্তী বিরতির সময়কে কী বলে?

ক) ওয়াকফ　　খ) ওয়াকফ তাম　　গ) ওয়াকফ জায়িয　　ঘ) ওয়াকফ মুতলাক

৪৯। কোন নবি পিতা ছাড়া জন্মগ্রহণ করেছিলেন?

ক) ইবরাহীম (আ)　　খ) নূহ (আ)　　গ) মূসা (আ)　　ঘ) ঈসা (আ)

৫০। হযরত নূহ (আ) – এর নৌকা কোথায় থামল?

ক) উহুদ পাহাড়ে　　খ) জুদি পাহাড়ে　　গ) হেরা গুহায়　　ঘ) তুর পাহাড়ে

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ:　　১ × ১৫ = ১৫

ক) আমনের বাবা ইমান নিয়ে মারা গিয়েছেন, বর্তমানে তাঁর রুহ কোথায় আছেন?

খ) নাঈমা ঠিক দুপুরে সালাত আদায় করলো, ইসলামের নিয়মে তার সেই সময় সালাত আদায় করা কী ছিল?

গ) হামিদ সাহেব উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা হলেও ঘুষ গ্রহণ করেন না, সুদ খান না, তাঁর এ ধরনের কাজকে কী বলা যেতে পারে।

ঘ) হাসিবের ভাই হামিম সঠিকভাবে আরবি হরফ উচ্চারণ করতে চায়, এর জন্য কী জানা দরকার?

ঙ) অন্ধকার ও কুসংকারাচ্ছন্ন আরবে সর্বপ্রথম আদর্শ সমাজ ও রাষ্ট্র ব্যবস্থা গড়ে উঠলো, কোথায় গড়ে উঠলো?

চ) তোমার মা প্রতিদিন সকালে যে ধর্মগ্রন্থ তিলাওয়াত করেন তা কোন নবির উপর নাযিল হয়?

ছ) লন্ডনের মুসলমানরা আল্লাহ তায়ালার আদেশ – নিষেধ মেনে চললে, একে তুমি কী বলবে?

জ) তুমি কীভাবে সৃষ্টির সেবা করবে?

ঝ) ওসমান সঠিক উচ্চারণে কুরআন মজিদ তিলাওয়াত করে, একে আমরা কী বলব?

ঞ) হযরত নূহ (আ) কেমন চরিত্রের অধিকারী ছিলেন?

ট) বালকটিকে খাদিজার নিকট দিয়ে মহানবি কী বললেন?

ঠ) ওয়াকফ জায়েয কাকে বলে?

ড) ০ এটি কার চিহ্ন?

ঢ) কত হিজরিতে কত সাহাবি নিয়ে মহানবি (স) মক্কা বিজয় করেন?

ণ) হাজরে আসওয়াদ কে কোথায় স্থাপন করেছিলেন?

৩। ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ ও জ নং প্রশ্ন থেকে যেকোন ৬টি এবং ঝ ও ঞ প্রশ্ন থেকে যেকোনো ১টি সহ মোট ৭টি প্রশ্নের উত্তর লেখ:　　৫ × ৭ = ৩৫

ক) আল্লাহ সকল কিছুর সৃষ্টিকর্তা বলতে তুমি কী বুঝ? পাঁচ বাক্যে লেখ।

খ) "আল্লাহ সকল কিছুর লালন – পালন কর্তা" বলতে তুমি কী বুঝ? পাঁচ বাক্যে উত্তর দাও।

গ) তোমার বন্ধু মাহবুবরা কুরবানি করার ৫টি কারণ লেখ।

ঘ) পাক – পবিত্র থাকার কারণে তুমি যে সকল সুফল পাও, তার ৫টি লেখ।

ঙ) তুমি কেন চরিত্র সুন্দর করবে তার ৫টি কারণ লেখ।

চ) আল্লাহর কাছে ক্ষমা চাওয়ার পাঁচটি উপায় লেখ।

ছ) তুমি পবিত্র কুরআন মাজিদ থেকে শিক্ষা লাভ করেছ এমন যে কোনো পাঁচটি বিষয় লেখ।

জ) মহানবি (স) – এর জীবনী হতে তুমি যে সকল শিক্ষা গ্রহণ করেছ, তার মধ্যে হতে ৫টি লেখ।

ঝ) একজন মুসলমানের চরিত্র কেমন হওয়া উচিত? এ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।

ঞ) সাওমের গুরুত্ব ও তাৎপর্য পাঁচটি বাক্যে লেখ।